



নং: ০২/১৯০১১০

০২ সফর ১৪৩১ হিজরী

১৯ জানুয়ারি, ২০১০ ইং

প্রেস বিজ্ঞপ্তি

হিব্বুত তাহরীরের উপর থেকে নিষেধাজ্ঞা প্রত্যাহার এবং মহিউদ্দীন আহমেদের মুক্তির দাবী জানিয়ে হাজার হাজার মুসলিম স্বরাষ্ট্রমন্ত্রীকে চিঠি পাঠিয়েছে

গত দশ দিনে বাংলাদেশের মুসলিম জনগণ *হিব্বুত তাহরীর, বাংলাদেশ* - এর উপর থেকে নিষেধাজ্ঞা প্রত্যাহার এবং অবিলম্বে দলের মুখপাত্র মহিউদ্দীন আহমেদের মুক্তির দাবী জানিয়ে স্বরাষ্ট্রমন্ত্রীর নিকট প্রায় ৮ হাজার চিঠি পাঠিয়েছে। প্রেরিত চিঠিতে তারা জানিয়েছে যে, সরকার সাম্রাজ্যবাদীদের নির্দেশে *হিব্বুত তাহরীর, বাংলাদেশ* - এর সকল কর্মকান্ড নিষিদ্ধ ঘোষণা করেছে এবং দলের মুখপাত্র মহিউদ্দীন আহমেদকে তার স্ত্রী-সন্তান সহ গৃহবন্দী করে রেখেছে। সরকার এখনও পর্যন্ত *হিব্বুত তাহরীর, বাংলাদেশ* - এর বিরুদ্ধে আনীত অভিযোগের পেছনে কোন দলীল-প্রমাণ হাজির করতে এবং মহিউদ্দীন আহমেদের বিরুদ্ধে কোন সুনির্দিষ্ট অভিযোগ আনতে ব্যর্থ হয়েছে। সরকারের এ ধরনের কর্মকান্ড সম্পূর্ণরূপে ইসলাম বিরোধী, অযৌক্তিক, নির্যাতনমূলক এবং সমগ্র বিশ্বজুড়ে কুখ্যাত সৈরাচারী শাসকগোষ্ঠী কর্তৃক বিরোধী রাজনৈতিক শক্তিকে নিষ্ঠুর ভাবে দমনের সাথে সমতুল্য। পবিত্র কোরআনে বর্ণিত আল্লাহ'র সতর্কবাণীর মাধ্যমে তারা চিঠিটি সমাপ্ত করেছে, যেখানে সুবহানাহু ওয়া তা'আলা বলছেন,

“যারা ঈমানদার নারী ও পুরুষের উপর জুলুম করেছে; এরপর তওবা করেনি, নিশ্চয়ই তাদের জন্য রয়েছে জাহান্নামের আযাব এবং উত্তম আশুনের দহন যন্ত্রণা।” [সূরা আল-বুরূজঃ ১০]

হিব্বুত তাহরীর-এর বাংলাদেশ মিডিয়া কার্যালয়